# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

ক নং-৩৪.০৪.০২০০.০০১.০০.৭৬১.২০- ৫৬৯

তারিখ: ০৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (বিকেএসপি) এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের রাজস্ব বাজেটভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগনের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বয়স | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সিনিয়র গবেষণা কর্মকর্তা (স্পোর্টস মেডিসিন), বিকেএসপি (রাজস্ব অস্থায়ী) | অনূর্ধ্ব-৪৫ বছর | ১ (এক) টি | ৩৫৫০০-৬৭০১০/- | এমবিবিএসসহ স্পোর্টস মেডিসিনে ডিপ্লোমা (২য় শ্রেনী) সহ সংশ্লিষ্ট বিষয়ে ০৫ বছরের অভিজ্ঞতা। |
| ২। | প্রভাষক (ইংরেজি), বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ২২০০০-৫৩০৬০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ (চার) বছরের স্নাতক ডিগ্রী।<br>(খ) তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোনস্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| ৩। | প্রভাষক (আইসিটি), বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | | |
| ৪। | প্রভাষক (ইসলামী শিক্ষা), বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | | |
| ৫। | কোচ (টেনিস), বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | ২২০০০-৫৩০৬০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী:<br><br>তবে শর্ত থাকে যে, নিম্নবর্ণিত প্রার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমার প্রয়োজন হইবে না, যথা:-<br>(ক) জাতীয় দলের সাবেক বা বর্তমান কোন খেলোয়াড়;<br>(খ) জাতীয় দলের প্রশিক্ষক;<br>(গ) স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে কোচিং বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত;<br>(ঘ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে কোচ হিসেবে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;<br>(ঙ) আন্তর্জাতিক প্রতিযোগিতায় পদকপ্রাপ্ত; অথবা<br>(চ) আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত কোন কোচিং কোর্সে সার্টিফিকেট বা লাইসেন্সপ্রাপ্ত। |
| ৬। | কোচ (ক্রিকেট), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | | |
| ৭। | কোচ (ফুটবল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | | |
| ৮। | কোচ (কাবাডি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (রাজস্ব অস্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | | |
| ৯। | কোচ (ভলিবল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (রাজস্ব অস্থায়ী) | অনূর্ধ্ব-৪০ বছর | ১ (এক) টি | | |
| ১০। | ষ্টোর কিপার, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ১০২০০-২৪৬৮০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রীঃ এবং<br>(খ) এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | রেকর্ড কিপার, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণঃ<br>তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১২। | হিসাব করণিক, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>তবে শর্ত থাকে যে, ইংরেজী ও বাংলা টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে চল্লিশ ও ত্রিশ শব্দের গতিসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৩। | গাড়ী চালক (ভারী), বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৯৭০০-২৩৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) Motor Vehicle Ordinance, 1983 (Ord. No. LV of 1983)এর অধীনে প্রদত্ত বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় অন্যূন পাঁচ বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৪। | সহকারী কোচ কাম কেয়ারটেকার (শ্যূটিং), বিকেএসপি (রাজস্ব অস্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৯৭০০-২৩৪৯০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) শ্যূটিং বিষয়ে বিশেষ প্রশিক্ষণ। |
| ১৫। | বাবুর্চি, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (রাজস্ব অস্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮৮০০-২১৩১০-/ | (ক) অষ্টম শ্রেণী পাস; এবং<br>(খ) কুক হিসাবে দেশী ও বিদেশী খাবার প্রস্তুতকরণে অন্যূন পাঁচ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৬। | অফিস সহায়ক, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ। |
| ১৭। | নিরাপত্তা প্রহরী, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>তবে শর্ত থাকে যে, সামরিক ও আধাসামরিক বাহিনী, পুলিশ বাহিনী এবং আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ১৮। | হোস্টেল বেয়ারার, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | গ্রাউন্ডম্যান, বিকেএসপি (রাজস্ব স্থায়ী) | অনূর্ধ্ব-৩০ বছর | ১ (এক) টি | ৮২৫০-২০০১০/- | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) গ্রাউন্ডসম্যান হিসাবে অন্যূন দুই বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

১। স্ব-হস্তে লিখিত নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি (৫x৫ সে.মি) সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ২৪/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাইতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হইবে না।

২। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।

৩। প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত রয়েছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৪। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

/২০২০ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করিতে হইবে।

উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।

কে নং ১-৯ পর্যন্ত বর্ণিত পদের অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং ক্রমিক নং ১০-১৯ র্যন্ত পদের অনুকূলে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হইতে মহাপরিচালক, বিকেএসপি -এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হইবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহবান করা হইবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সকল সনদের মূল কপি দেখাইতে হইবে।

৯। প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা, উপজাতীয় কোটা, মুক্তিযোদ্ধাগণের সন্তানদের জন্য নির্ধারিত কোটা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের নির্ধারিত কোটা সংরক্ষণ করা হইবে। তবে সকল ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দরখাস্তের সাথে পেশ করিতে হইবে।

১০। আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইট (www.bksp.gov.bd) এ পাওয়া যাইবে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হইবে।

ব্রিগেডিয়ার জেনারেল
মোঃ রাশীদুল হাসান, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক
বিকেএসপি।

# চাকরির আবেদন ফরম

র
পরিচালক
ংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা।

| ৫x৫ সে. মি.<br>ছবি<br>(সম্প্রতি তোলা, তিন কপি) |
|---|

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর : | তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ৩. | প্রার্থীর নাম | বাংলায় | : |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | |

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | | | | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | | | | | | | | | | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা) : |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স (২৫/০৭/২০২০ খ্রি: তারিখ অনুযায়ী) : | বছর | মাস | দিন |
| | | | | |

| | |
|---|---|
| ৮. | মাতার নাম : |
| ৯. | পিতার নাম : |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা : | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্ট কোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |
| ১১. | যোগাযোগ : | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা : | ১৩. | জেন্ডার : |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা : |

১৬. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | |
|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নাম : | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ ☐ | না ☐ | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ : | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
| | | | | | | | | | |